

## 7449 - যে ব্যক্তি রোয়া রাখেনি তার কী করণীয়

---

### প্রশ্ন

আমি একজন যুবতী। আমার বয়স ২৫ বছর। ছোট বেলা থেকে ২১ বছর বয়স পর্যন্ত আমি রোয়া রাখিনি। আমি অলসতা করে রোয়া রাখিনি। আমার পিতা আমাকে উপদেশ দিয়ে যাচ্ছেন। কিন্তু আমি পাতা দিইনি। আমার উপর কী করা আবশ্যিকীয়? উল্লেখ্য, আল্লাহ্ আমাকে হেদায়েত দিয়েছেন। আমি এখন রোয়া রাখি এবং পূর্বের গুনাহর ব্যাপারে অনুতপ্ত।

### প্রিয় উত্তর

তাওবা পূর্বে কৃত সব গুনাহকে ধ্বংস করে দেয়। আপনার উপর আবশ্যিক হচ্ছে অনুশোচনা করা, গুনাহ ত্যাগ করার দৃঢ় সংকল্প করা, ইবাদতে একনিষ্ঠ হওয়া, দিবারাত্রি বেশি বেশি নফল ইবাদত করা, নফল রোয়া রাখা, যিকির করা, কুরআন তেলাওয়াত করা ও দোয়া করা। আল্লাহ্ তাআলা বান্দাদের তাওবা কবুল করেন এবং অনেক পাপ ক্ষমা করে দেন।